সংবাদ

তারিখ ...4...
পৃষ্ঠা ...কলাম...

চট্টগ্রামে ভর্তি বাণিজ্য

# জেলা প্রশাসককে ৬৮ শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা দিয়েছে ছাত্রলীগ

**চট্টগ্রাম ব্যুরো**

চট্টগ্রাম মহানগর ছাত্রলীগ নেতৃবৃন্দ জেলা প্রশাসকের কাছে ৬৮টি শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা জমা দিয়েছে। ভর্তিতে অতিরিক্ত অর্থ আদায় করেছে এসব স্কুলগুলো। এর মধ্যে সিটি করপোরেশন পরিচালিত কয়েকটি স্কুলও আছে। নগর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নূরুল আজিম রণি বলেন, শিক্ষার্থীদের ভর্তি বিড়ম্বনার কথা জানতে আমরা নগরীর ৫টি এলাকায় ৫টি অভিযোগ বাক্স রেখেছিলাম। অভিযোগ বাক্সে জমা দেয়া অভিযোগ খতিয়ে দেখে তালিকা নিয়ে জেলা প্রশাসকের কাছে জমা দিয়েছি। এসব অভিযোগ জেলা প্রশাসকের পাশাপাশি দুর্নীতি দমন কমিশনে (দুদক) পাঠানোর কথাও জানিয়েছে তিনি। জানা গেছে, গতকাল বৃহস্পতিবার চট্টগ্রামের জেলা প্রশাসক সামশুল আরেফিনের কাছে এই তালিকা তুলে দেন নগর ছাত্রলীগের সভাপতি ইমরান আহমেদ ইমু ও সাধারণ সম্পাদক নূরুল আজিম রণি। স্কুলগুলোর মধ্যে রয়েছে আইয়ুব বিবি সিটি করপোরেশন স্কুল, পতেঙ্গা সিটি করপোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, কাপাসগোলা সিটি করপোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, চিটাগাং ক্যান্টমেন্ট পাবলিক কলেজ, ক্যান্টনমেন্ট ইংলিশ স্কুল অ্যান্ড কলেজ, সেন্ট জোসেফ টিউটোরিয়াল, নৌবাহিনী পরিচালিত বিএন স্কুল এন্ড কলেজ, কাজেম আলী স্কুল, সিডিএ পাবলিক স্কুল, চট্টগ্রাম পুলিশ লাইন ইনস্টিটিউট, বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, বাংলাদেশ রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয়, স্কলাটিকা কিন্ডারগার্টেন, আইডিয়াল স্কুল এন্ড কলেজ ও বিজ্ঞান কলেজ। এদিকে কাজেম আলী স্কুল ও রহমানিয়া উচ্চ বিদ্যালয়ের এমপিও বাতিলের সুপারিশ করে ছাত্রলীগ অভিযোগ করেছে, এসব শিক্ষাপ্রতিষ্ঠান নিজস্ব জমিতে বাণিজ্যিক ইমারত নির্মাণ করেছে এবং সেখানে দোকান ভাড়া দিয়েছে।

তালিকার অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে আছে, পাহাড়তলী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, কুলগাঁও উচ্চ বিদ্যালয়, মিলেনিয়াম পাবলিক স্কুল এন্ড কলেজ, ভোলানাথ মনোরমা উচ্চ বিদ্যালয়, ওয়াইডব্লিউসিএ স্কুল, সাইনিং সান স্কুল, তানজিমুল উম্মাহ ক্যাডেট মাদ্রাসা, ইউনাইটেড রেসিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজ, আইল্যান্ড আইডিয়াল স্কুল, চিটাগাং ইন্টারন্যাশনাল স্কুল, মেরিট বাংলাদেশ স্কুল এন্ড কলেজ, ব্রাইট স্পার্ক গ্রামার স্কুল, ছায়াবিথী বিদ্যাপীঠ, মেরিট প্লাস স্কুল এন্ড কলেজ, মানারাত রেসিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজ, আল নূর কেজি এন্ড হাই স্কুল, অরবিট গ্রামার স্কুল, চিটাগং রয়েল প্রি-ক্যাডেট স্কুল এন্ড কলেজ, মেট্রোপলিটন রেসিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজ, মডেল এডুকেশনাল স্কুল এন্ড কলেজ, অরিয়েন্ট ইংলিশ স্কুল, ফরেস্ট হিল ইন্টারন্যাশনাল স্কুল, ফেয়ার কেয়ার কেজি এন্ড গার্লস হাই স্কুল, সিটি মডেল স্কুল এন্ড কলেজ, সানোয়ারা বালক ও নুরুল ইসলাম পৌর বালিকা উচ্চ বিদ্যালয়, হাজী এয়াকুব আলী বালিক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম মডেল স্কুল এন্ড কলেজ, সাউথ এশিয়ান স্কুল, রিডার্স স্কুল এন্ড কলেজ, গণপূর্ত বিদ্যানিকেতন, চট্টগ্রাম বিজ্ঞান কলেজ, টেকনু চাইডার ইন্টারন্যাশনাল স্কুল, পুলিশ লাইন স্কুল, মির্জা আহমদ ইস্পাহানি স্কুল, চিটাগাং রেসিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজ, বাকলিয়া আদর্শ উচ্চ বিদ্যালয়, মির্জা আহমদ ইস্পাহানী স্মৃতি বিদ্যালয়, প্রেসিডেন্সি ইন্টারন্যাশনাল স্কুল, চিটাগাং আইডিয়াল হাই স্কুল, সাউথ পয়েন্ট স্কুল, রেডিয়েন্ট স্কুল, কদম মোবারক এমওয়াই উচ্চ বিদ্যালয়, সারমন স্কুল, কাজেম আলী স্কুল, বাংলাদেশ এলিমেন্টারি স্কুল, শ্যামলী আইডিয়াল টেকনিক্যাল স্কুল, রহমানিয়া স্কুল, আসমা খাতুন কলেজ, ভাটিয়ালি স্কুল, গ্লোবাল স্ট্যান্ডার্ড স্কুল এন্ড কলেজ, দারুল উলুম ইসলামী কিন্ডার গার্টেন স্কুল, ফিরোজ শাহ্ কিন্ডার গার্টেন, নতুনকুঁড়ি আইডিয়াল স্কুল, ইডেন স্কুল এন্ড কলেজ এবং নর্দান স্কুল।